মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট
কার্যালয় ঃ আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০।

তারিখঃ ১৪/০৭/২০১৯ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন অষ্টম শ্রেণিতে পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়, নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭ শিক্ষাবর্ষে ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী জে এস সি পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন মেয়াদ নবায়নপূর্বক (শুধুমাত্র অকৃতকার্য বিষয়ে) ২০১৯ সালের জে এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

রেজিস্ট্রেশন মেয়াদ নবায়নের নিমিত্তে আগামী ১৬/০৭/২০১৯ খ্রিঃ হতে ২৯/০৭/২০১৯ খ্রিঃ এর মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে নিম্নোক্ত কাগজপত্রাদিসহ আবেদন জমাদানের জন্য অনুরোধ করা হলো।

১. ফি বাবদ শিক্ষার্থী প্রতি ৫০০/-(পাঁচশত) টাকা সোনালী সেবা পদ্ধতিতে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমাদানের রশিদ;
২. জে এস সি রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি;
৩ টেবুলেশন শীটের সত্যায়িত অনুলিপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৪.০৭.১৯

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

১৪/৭/১৯